

দিনাজপুর জেলা সমিতি

হাজী দানেশ কৃষি কলেজের
নাম মুছে ফেলার প্রচেষ্টা
থেকে বিরত থাকার আহ্বান

তেভাগা আন্দোলনের বিপ্লবী নেতা
দিনাজপুর তথা উত্তরবঙ্গের কৃষী সন্তান
হাজী মোহাম্মদ দানেশের নামে স্থাপিত
'হাজী মোঃ দানেশ কৃষি কলেজের'
উন্নয়নের নামে হাজী মোহাম্মদ দানেশের
নাম মুছে ফেলার প্রচেষ্টা থেকে বিরত
থাকার জন্য ঢাকাস্থ দিনাজপুর জেলা
সমিতি সরকারের প্রতি আহ্বান জানিয়েছে।

সম্প্রতি অনুষ্ঠিত সমিতির সভায় গৃহীত
সিদ্ধান্তে বলা হয়, দিনাজপুরবাসীর বহু-
দিনের আকাংখা এবং কুদরত-ই-খুদা শিক্ষা
কমিশন রিপোর্ট অনুযায়ী দিনাজপুরে একটি
কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপিত হওয়ার কথা।
কিন্তু বিভিন্ন পর্যায়ে শিক্ষা এবং কৃষি
মন্ত্রণালয়ের এবং আমলাতন্ত্রের অসহযোগি-
তার কারণে প্রস্তাবটি কার্যকর হয়নি।